

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা সেকশন 504 অনুযায়ী প্রদত্ত বাড়তি সহায়তার রূপরেখা-স্কুল বর্ষ 2017-2018

সকল পিতামাতা, চিকিৎসক এবং স্বাস্থ্য সেবা প্রদানকারীদের প্রতি:

সকল বিশেষ চাহিদায়ুক্ত শিক্ষার্থীদের শিক্ষাব্যবস্থায় পূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের স্কুল হেলথ অফিস যৌথভাবে কাজ করছে। এই লক্ষ্যে, স্কুলে প্রত্যক্ষ স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা 1973 সালের পুনর্বাসন আইনের 504 ধারার অধীনে সংস্থান লাভের অনুরোধ করার জন্য পিতামাতা ও প্রদানকারীদের অবশ্যই সংযুক্ত ফরম ব্যবহার করতে হবে। **এই ফরম ক্রিয়াকরণের জন্য শিশুর স্কুলে ফেরত দিতে হবে।** প্রত্যেক স্কুলবছরে একটি নতুন অনুরোধ এবং অনুমোদন ফরম আবশ্যিক হবে যদি স্কুলে শিশুর অব্যাহতভাবে অনুরোধকৃত পরিষেবার প্রয়োজন হয়। পূরণ করা ফরম পর্যালোচনা এবং উপযুক্ত শারীরিক পরিষেবা প্রদান করার জন্য নিচে প্রদত্ত রূপরেখাটি অবশ্যই অনুসরণ করতে হবে:

- যে ডাক্তার/স্বাস্থ্য সেবা প্রদানকারী ফরম পূরণ করবেন, তাকে অনুরোধকৃত পরিষেবা ব্যবস্থার সক্রিয় নিয়ন্ত্রণকারী ব্যক্তি হতে হবে।
- নিউ ইয়র্ক স্টেট, নিউ জার্সি অথবা কানেকটিকাট বৈধ লাইসেন্স, মেডিকেইড ও এনপিআই(NPI) নম্বর অবশ্যই প্রদান করতে হবে। যদি কোনো লাইসেন্স নম্বরহীন প্রশিক্ষণাধীন ডাক্তার ফরম পূরণ করেন, তাহলে একজন সুপারভাইজার (যেমন দায়িত্বরত ডাক্তার) কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়ে নিতে হবে এবং এতে সুপারভাইজারের লাইসেন্স নম্বর উল্লেখ করতে হবে।
- আদেশটিকে হতে হবে সুনির্দিষ্ট, স্পষ্ট এবং বিশদভাবে লিখিত যাতে এর পুরোটা নার্সের কাছে বোধগম্য হয় এবং চিকিৎসাপদ্ধতি অনুযায়ী দায়িত্বশীলতার সাথে বাস্তবায়ন করা যায়।
- যেসব পরিষেবা স্কুলের সময়ে আবশ্যিকভাবে প্রদান করতে হবে কেবলমাত্র সেগুলোর জন্য অনুরোধ করুন (যেমন, ঔষধ যদি স্কুলের আগে বা পরে বাড়িতে দেয়া যায় তাহলে সেই ঔষধ স্কুলে দেয়ার জন্য অনুরোধ করবেন না)।
- হোমিওপ্যাথিক ঔষধ সেবন করানো যাবে না।
- অনুগ্রহপূর্বক নোট করুন যদি শিক্ষার্থীকে স্কুলে ঔষধ সঙ্গে রাখার অনুমোদন আপনি না দেন, তাহলে ঔষধ সাধারণতঃ তালাবদ্ধ ক্যাবিনেটে নির্ধারিত কামরায় (যেমন ডাক্তারি কামরা) রাখা হয়। এছাড়া, অ্যালার্জি রেসপন্স প্ল্যান অনুসারে এপিনেফ্রিন ক্লাসরুমে রাখা যাবে এবং শিক্ষার্থী নিজের সঙ্গে বহন করতে পারবে।
- সকল শিশুকে যতদূর সম্ভব আত্মনির্ভরশীল হতে উৎসাহিত করতে পিতামাতা, ডাক্তার, স্কুলকর্মী এবং শিক্ষার্থীদেরকে অবশ্যই একসাথে কাজ করতে হবে। শিশু যদি নিজে নিজে ঔষধ সেবনে সক্ষম হয়, তাহলে মেডিকেশন ফরমের উল্টো পৃষ্ঠায় যথাপ্রয়োজ্য অংশে নামের আদ্যক্ষর লিখে দিতে হবে। ইন্টারমিডিয়েট এবং হাই স্কুল পর্যায়ের বেশিরভাগ শিক্ষার্থীকে নিজে ঔষধ গ্রহণ করা সমর্থ হতে হবে (যেমন ঔষধটি সঠিক; ঔষধ সেবনের কারণ; ঔষধের সঠিক ডোজ বা পরিমাণ সেবন করছে কিনা; স্কুল দিবসে ঠিক কখন ঔষধ সেবন করতে হবে; ঔষধ সেবন না করলে কি হতে পারে তার ব্যাখ্যা)। এসব শিক্ষার্থীদেরকে যেসব ঔষধ স্কুল চলাকালে সেবন করতে হবে, সেগুলো তত্ত্বাবধান ব্যতিরেকে বহন করার ও সেবন করার অনুমোদন দেওয়া হবে; তবে, **শিক্ষার্থীদেরকে কখনই নিয়ন্ত্রিত বস্তু বহন করতে অনুমোদন দেওয়া হবে না।**

পিতামাতা যথাযথ শনাক্তকরণের জন্য মনে করে মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরমের (MAF) উপরের বাম কোণে আপনার সন্তানের একটি ছোট সাম্প্রতিক ছবি সংযুক্ত করবেন।

মোট চার ধরনের আবেদনপত্র বা অথরাইজেশন ফরম আছে:

- মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরমসমূহ (এমএএফ) (MAFs) - শুধুমাত্র শিক্ষার্থীদের ঔষধ প্রদান পরিচালনা সংক্রান্ত অনুরোধের জন্য পূরণ করা যাবে। অ্যাজমা আক্রান্তদের জন্য ব্যবস্থাপত্র প্রদানকারী এমএএফ (MAF)-এর সাথে অ্যাজমা অ্যাকশন প্ল্যান সংযুক্ত করে দিতে পারেন। স্কুলের ট্রিপে নেবুলাইজার ব্যবহার করা কষ্টকর হতে পারে, দয়া করে সম্ভব হলে ইনহেলার ও স্পেসার-এর ব্যবস্থাপত্র প্রদানের চেষ্টা করবেন। **দয়া করে মনে রাখবেন যে তিনটি আলাদা এমএএফ (MAFs) রয়েছে: একটি হাঁপানির ঔষধের জন্য, একটি অ্যালার্জি/আনালার্জিস ঔষধের জন্য, এবং একটি অন্যান্য ঔষধের জন্য।**
- চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুসারে চিকিৎসাপ্রদানের বিধান (নন-মেডিকেশন) - পূরণ করতে হবে বিশেষ পদ্ধতি যেমন ক্লাডার ক্যাথেরাইজেশন, পস্চুরাল ডেইনেজ, ট্র্যাকিয়াল সাকশনিং, গ্রাস্ট্রেনমি টিউব ফিডিং ইত্যাদির জন্য অনুরোধ করার সময়। এই ফরম সব ধরনের দক্ষ পরিচর্যা সম্পর্কিত চিকিৎসার জন্য ব্যবহার করা যাবে।
- ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম - সেসব শিক্ষার্থী পূরণ করবে যাদের ডায়াবেটিস হেতু গ্লুকোজ মনিটরিং, ইনসুলিন এবং/অথবা গ্লুকোজেন প্রয়োগ এগুলোর যেকোনো একটি প্রয়োজন।
- 504 নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাগুলোর অনুরোধ - বাধামুক্ত ভবন, লিফটের ব্যবহার এবং পরীক্ষার সংশোধন ইত্যাদির মত বিশেষ সেবার ব্যবহারের অনুরোধের সময় ব্যবহার করা যাবে। এই ফরম পেশাগত থেরাপি, শারীরিক থেরাপি, বাক এবং ভাষা থেরাপি, কাউন্সেলিং ইত্যাদি সংক্রান্ত যেকোনো সেবাসমূহ এখন ছাত্রের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এর দ্বারা যথাযথভাবে সম্বোধন করা হয় সেগুলোর জন্য ব্যবহার করা যাবে না।

আপনার প্রশ্ন থাকলে শিক্ষার্থীর স্কুলে যোগাযোগ করুন। সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।